

Administrative Training Institute
Government of West Bengal

Half yearly Departmental Examination for IAS and WBCS(Exe) Officers,
MAY – 2012

Bengali Dictation

Marks: 20

Dictation: 15 minutes

Revision: 15 minutes

আজ দুপুর বেলাটা আমার ঘুমাইয়া পড়িবারই কথা; বিছানায় পড়িয়া মাঝে মাঝে তন্দ্রাও আসিতে লাগিল ; কিন্তু রতনের আসার আশাটা ক্রমাগত নাড়া দিয়া দিয়া তাহা ভাঙ্গিয়া দিতে লাগিল । এমনি করিয়া বেলা গড়াইয়া গেল, কিন্তু রতন আসিল না । সে যে আসিবেই, সে বিশ্বাস আমার মনে এত দৃঢ় ছিল যে, বিছানা ছাড়িয়া বাহিরে অসিয়া যখন দেখিলাম সূর্য অনেকখানি পশ্চিমে হেলিয়া পড়িয়াছে, তখন নিশ্চয় মনে হইল, আমার কোন এক তন্দ্রার ফাঁকে রতন ঘরে ঢুকিয়া আমাকে নিদ্রিত মনে করিয়া ফিরিয়া গেছে ।